# বাংলাদেশ কৃষি ব্যাংক

বিভাগীয় কার্যালয়, কুষ্টিয়া।

জুলাই'২০২৪ হতে সেপ্টেম্বর'২০২৪ সময়কালের ১ম প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোহাঃ আতিকুর রহমান, মহাব্যবস্থাপক(দায়িত্বে)<br>(সভাপতি, বিকেবি শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি) |
| তারিখ ও সময় | ঃ | ২৫.০৯.২০২৪ খ্রিঃ, সময় ঃ বিকাল ৫.০০ ঘটিকা |
| স্থান | ঃ | মহাব্যবস্থাপক মহোদয়ের অফিস কক্ষ |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট-'ক' |

০১। ২০২৪-২০২৫ অর্থ বছরের ১ম প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার প্রারম্ভে সভাপতি মহোদয় তাঁর স্বাগত বক্তব্যে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। সভাপতি মহোদয় তাঁর আলোচনায় ত্রৈমাসিক ভিত্তিতে শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জন করে ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে বিশেষ গুরুত্ব আরোপ করেন। তিনি আরো বলেন আর্থিক স্বচ্ছতা সুশাসন প্রতিষ্ঠার একটি বড় মাধ্যম। সে কারণেই প্রতিষ্ঠানের সর্বক্ষেত্রে আর্থিক স্বচ্ছতা ও জবাবদিহিতার কোন বিকল্প নেই। সরকার সকল প্রতিষ্ঠানে শুদ্ধাচার প্রতিষ্ঠার উপর গুরুত্বারোপ করেছেন। তিনি ব্যাংকের অত্র বিভাগেও যেন শুদ্ধাচার চর্চা অব্যাহত থাকে সে বিষয়ের উপর গুরুত্বারোপ পূর্বক আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রনয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২৪ মেনে চলার পরামর্শ দেন।

০২। সভাপতি "জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫" এর বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে আলোকপাত করেন এবং চলমান প্রান্তিকে লক্ষ্যমাত্রাসমূহ পূরণের জন্য বিশেষ দিকনির্দেশনা প্রদান করেন। তিনি শাখা/কার্যালয়ের সুশাসন, নিয়মানুবর্তিতা, প্রতিষ্ঠানের বিধিবিধান পরিপালন, অফিস শৃঙ্খলারক্ষা, নিষ্ঠা-সততা এবং সময়ানুবর্তিতার প্রতি বিশেষ গুরুত্বারোপ ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোকপাত করেন।

০৩। সভায় একে একে অত্র বিভাগীয় কার্যালয়ের উপমহাব্যবস্থাপক ও সকল মূখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক বক্তব্য প্রদান করেন। তাঁদের বক্তব্যে " জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫" এর বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে গুরুত্বারোপ করা হয়।

০৪। আলোচনা শেষেনিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহীত হয়ঃ

০১. আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পপনা প্রণয়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২৪ এর নির্দেশনা অনুসরণ করা।

০২. ২০২৪-২৫ অর্থবছরের সিদ্ধান্ত বাস্তবায়ন ও পূর্বের সিদ্ধান্তসমুহ বাস্তবায়নের ধারা অব্যাহত রাখা।

০৩. দ্রুততম সময়ের মধ্যে ঋণ প্রদান/ নবায়ন প্রক্রিয়া সম্পন্ন করা ।

০৪. যথাসময়ে অঞ্চল ও শাখা পরিদর্শন কাজ সম্পন্ন করা।

০৫. ঋণ আদায়, ঋণ বিতরণ, আমানত সংগ্রহ ও অন্যান্য খাতে লক্ষ্যমাত্রার বিপরীতে আনুপাতিক হারে অর্জন করা।

০৬. গ্রাহকগণের তরফ হতে কোন অভিযোগ পাওয়া গেলে তার ব্যবস্থা গ্রহণ করা ।

০৭. ১ম প্রান্তিকের (জুলাই'২০২৪ হতে সেপ্টেম্বর'২০২৪) "জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি" প্রতিবেদন প্রস্তুতপূর্বক যথাসময়ে ওয়েবে আপলোড করা।

০৫। সভায় আর আলোচ্যসূচি না থাকায় ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

25.09.24

(মোহাম্মদ মিনহাজ-উদ্দিন)
উপমহাব্যবস্থাপক (দায়িত্বে)
ফোনঃ ০২৪৭৭৭৮৩২৩৪
ইমেইল- gmkushtia@krishibank.org.bd

স্মারক নং-বিকা/কুষ্টিয়া/প্রশা-০৭/২০২৪-২০২৫/ ৮৮৮(৭৮)

তারিখ ঃ ২৬.০৯.২০২৩খ্রিঃ

*সদয়জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণকরাহলোঃ*

০১. চীফ স্টাফঅফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষিব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২. স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪. উপ-মহাব্যবস্থাপক, শাখানিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫. বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কুষ্টিয়া।
০৬. মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, কুষ্টিয়া বিভাগ।
০৭. সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, কুষ্টিয়া বিভাগ। (সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
০৮. অফিসনথি।

26.09.24

(মোঃ আরিফ হাসান)
মুখ্য কর্মকর্তা

বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় কার্যালয়
মনছুর ম্যানশন, দাদাপুর সড়ক, কুষ্টিয়া।

☎ 02477782576, 02477783234
E-mail:gmkushtia@krishibank.org.bd
Web:www.krishibank.org.bd

পরিশিষ্ট-'ক'

বিকেবি বিভাগীয় কার্যালয়, কুষ্টিয়া'র "শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি" সংক্রান্ত সভায় উপস্থিত সদস্যগনের হাজিরা

তারিখঃ ২৫.০৯.২০২৪ ইং, সময়ঃ বিকাল ৫.০০ টা

| | | | |
|---|---|---|---|
| ০১ | মোহাঃ আতিকুর রহমান<br>মহাব্যবস্থাপক(দায়িত্বে) | বিভাগীয় কার্যালয়, কুষ্টিয়া | উপস্থিত |
| ০২ | মোহাম্মদ মিনহাজ-উদ্দিন<br>উপমহাব্যবস্থাপক(দায়িত্বে) | বিভাগীয় কার্যালয়, কুষ্টিয়া | [signature] |
| ০৩ | শারমিন আক্তার<br>সহকারী মহাব্যবস্থাপক | বিভাগীয় কার্যালয়, কুষ্টিয়া | [signature] 25/09/24 |
| ০৪ | মোঃ মেহেদী মন্ডল ডিনা<br>মুখ্য কর্মকর্তা | বিভাগীয় কার্যালয়, কুষ্টিয়া | [signature] 25/09/2024 |
| ০৫ | মুহাম্মাদ আব্দুল জাব্বার<br>সহকারী প্রকৌশলী | বিভাগীয় কার্যালয়, কুষ্টিয়া | [signature] ২৫.০৯.২০২৪ |
| ০৬ | মোঃ শ্যামল আলী<br>কর্মকর্তা | বিভাগীয় কার্যালয়, কুষ্টিয়া | [signature] 25/09/24 |
| ০৭ | মোঃ আরিফ হাসান<br>মুখ্য কর্মকর্তা | বিভাগীয় কার্যালয়, কুষ্টিয়া | [signature] |

# বাংলাদেশ কৃষি ব্যাংক

বিভাগীয় কার্যালয়, কুষ্টিয়া
মনছুর ম্যানশন, দাদাপুর সড়ক, কুষ্টিয়া।
www.krishibank.org.bd

স্মারক নং-বিকা/কুষ্টিয়া/প্রশাসন-৫৫/২০২৪-২০২৫/ ৮৬০(৬) তারিখ ঃ ২৪.০৯.২০২৪ খ্রিঃ

বিষয় ঃ জুলাই'২০২৪ হতে সেপ্টেম্বর'২০২৪ সময়ের (১ম প্রান্তিকের) শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভা আয়োজন প্রসঙ্গে।

০২। এই ব্যাংকের "জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০২৪-২০২৫ এর ১ম প্রান্তিকের জুলাই'২০২৪ হতে সেপ্টেম্বর'২০২৪ সময়ের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য আগামী ২৫.০৯.২০২৪ খ্রিঃ তারিখ, বিকাল ৫.০০ ঘটিকায় মহাব্যবস্থাপক মহোদয়ের অফিস কক্ষে বিভাগীয় কার্যালয়, কুষ্টিয়ার শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হবে। সভায় মহাব্যবস্থাপক মহোদয় সভাপতিত্ব করবেন।

০৩। উক্ত সভায় অত্র বিভাগের সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণকে জুমের মাধ্যমে ও বিভাগীয় কার্যালয়ের সকল কর্মকর্তা-কর্মচারীকে যথাসময়ে সভাস্থলে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচী ঃ
০১. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকলাপনা ২০২৪-২৫ এর ১ম প্রান্তিকে আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের করণীয়।
০২. ২০২৪-২৫ অর্থবছরের ১ম প্রান্তিকে কৌশল অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণ ও পূর্বের সিদ্ধান্তসমুহ বাস্তবায়নের ধারা অব্যাহত রাখা সংক্রান্ত।
০৩. দ্রুততম সময়ের মধ্যে ঋণ প্রদান/ নবায়ন প্রক্রিয়া সম্পন্ন করা সংক্রান্ত।
০৪. অঞ্চল ও শাখা পরিদর্শন কাজ সংক্রান্ত।
০৫. ঋণ আদায়, ঋণ বিতরণ, আমানত সংগ্রহ ও অন্যান্য খাতে লক্ষ্যমাত্রা অর্জন সংক্রান্ত ।
০৬. গ্রাহকগণের তরফ হতে কোন অভিযোগ পাওয়া গেলে তার ব্যবস্থা সংক্রান্ত ।
০৭. "জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি ও ১ম প্রান্তিকের (জুলাই'২০২৪ হতে সেপ্টেম্বর'২০২৪) প্রতিবেদন প্রস্তুত সংক্রান্ত।

সকল কর্মকর্তা-কর্মচারী,
বিভাগীয় কার্যালয়, কুষ্টিয়া।

24.09.24

মোহাম্মদ মিনহাজ-উদ্দিন
উপমহাব্যবস্থাপক(দায়িত্বে)
ফোনঃ ০২৪৭৭৭৮৩২৩৪
ইমেইল- gmkushtia@krishibank.org.bd

সদয় জ্ঞাতার্থে ঃ
০১. উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে ঃ
০১. মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, কুষ্টিয়া বিভাগ।
০২. অফিস নথি।